

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৩১৭

আগরতলা, ২৭ ডিসেম্বর, ২০২৪

**উনকোটি জেলার ভারত-বাংলাদেশ সীমান্তে জনসাধারণের চলাচলে বিধিনিষেধ**

জনজীবনে শান্তি, সুস্থিতি ও নিরাপত্তা বজায় রাখার জন্য উনকোটি জেলার জেলাশাসক এক আদেশে জেলার ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে ৩ কিলোমিটার এলাকা পর্যন্ত জনসাধারণের চলাচলে কিছু বিধিনিষেধ আরোপ করেছেন। ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (বিএনএসএস)এ ১৬৩ ধারায় জারি করা এই আদেশে বলা হয়েছে আগামী ১ জানুয়ারি, ২০২৫ থেকে ৩১ মার্চ, ২০২৫ পর্যন্ত প্রতিদিন সন্ধ্যা ৬টা থেকে পরদিন সকাল ৬টা পর্যন্ত এই বিধিনিষেধ জারি থাকবে।

জেলাশাসক আদেশে জানিয়েছেন, এই সময়ে সীমান্ত থেকে ৩ কিলোমিটার পর্যন্ত এলাকায় ৫ জনের বেশি ব্যক্তি জমায়েত হতে পারবেন না। লাঠি, তীরধনুক, ধারালো বাঁশ, সাইকেলের চেইন, লোহার রড, ছুড়ি, বন্দুক, বিস্ফোরক সহ কোন অস্ত্র বহণ করা যাবে না। আদেশে বলা হয়েছে অফিসের কাজে নিযুক্ত পুলিশ, সীমান্তরক্ষী বাহিনী জওয়ান, টিএসআর, আসাম রাইফেলস এবং অন্যান্য আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত ব্যক্তির ক্ষেত্রে এই আদেশ কার্যকর হবে না। উনকোটি জেলা প্রশাসনের উপযুক্ত কর্তৃপক্ষ, পুলিশ, বিএসএফ অথবা আইন শৃঙ্খলার কাজে নিযুক্ত এজেন্সির দেওয়া বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তিদের এবং মুমূর্ষ রোগী বহনকারী যানবহন চালক অথবা জীবনদায়ী ঔষধ কেনার জন্য ব্যক্তির ক্ষেত্রে এই আদেশে ছাড় রয়েছে।

\*\*\*\*\*